W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

2981

First information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS

1. Dist Purulia Sub Dvn Manbazar PS Puncha Year 2020 FIR No 72/2020 Date 11/11/2020
2. i) Act IPC Sections 498A/506 ii) Act — Sections —
iii) Act — Sections — iv) Other acts & Sections 3/4 DP Act
3. a) General Diary Reference Entry No 352 Time 11.45 hrs.
b) Occurrence of Offence Day since after marriage (28/1/2018) & lastly on 13/03/2019 at 06.40 hrs. Date Time
c) Information received Date 11/11/2020 Time 11.45 hrs GD No 352 at the P.S.
4. Type of information Written/Oral (typed)
5. Place of Occurrence a) Direction and Distance from P.S 160 kms (approx) North west from the PS.
b) Address Vill + PS- Bundu, Dist- Ranchi, Jharkhand
Beat No
c) In case outside limit of this Police Station, then the name of P.S Bundu District Ranchi
6. Complainant / Informant
a) Name Mithu Kundu
b) Father's / Husband's Name D/O - Dulal Ch. Rakshit
c) Date / Year of birth Not Mentioned d) Nationality
e) Address A/P - Vill- Dhadki, PO- Laularo, PS- Puncha, Dist- Purulia.
7. Details of known/suspected/unknown/accused with full particulars
(Attach separate sheet, if necessary) ① Amit Kundu, S/O - Mansaram Kundu
② Gitarani Kundu, W/O - Mansaram Kundu
③ Jhuma Laha, W/O - Not Mentioned.
All of Vill + PS - Bundu, Dist- Ranchi, Jharkhand.

8. Reasons for delay in reporting by the complainant/informant —
9. Priculars of properties stolen/involved (Attach separate sheet, if required): —
10. Total value of properties stolen/involved —
11. Inquest report/U.D. Case no., if any —
12. FIR Contents : (Attach separate sheets, if required) The original written (typed) complaint which is treated as FIR of this case is attached herewith

P. Samaddar 11/11/2020
Officer-In-Charge
Puncha Police Station
Dist. Purulia

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/506 IPC & 3/4 DP Act.
—
registered the case and took up the investigation/directed ASI Sanjay Ghosh to take up the investigation/transferred to P.S. Puncha PS on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

P. Samaddar 11/11/2020
Officer-In-Charge
Puncha Police Station
Dist. Purulia

মিঠু কুন্ডু

P. Samaddar 11/11/2020
Officer-In-Charge
Puncha Police Station
Dist - Purulia

Signature/Thumb impression of the Complainant/informant

Signature of the Officer-in-Charge, Police Station with
Name Paromita Samaddar, SI
Rank O/C Puncha PS, Dist- Purulia
Number if any

DR. NO
2519/2020

প্রতি,

ভারপ্রাপ্ত আধিকারিক, পুঞ্চা থানা,

জেলা- পুরুলিয়া(প:ব:)।

-------------------------------

মহাশয়,

নিম্নলিখিত স্বাক্ষরকারীর বিনীত নিবেদন এই যে, আমার বাবা শ্রী দুলাল চন্দ্র রক্ষিত গত ইং- ২৫।০২।২০০৮ তারিখ এবং বাংলা ১২ ই ফাল্গুন ১৪১৪ বঙ্গাব্দ, রাঁচী জেলার বুণ্ডু থানার অন্তর্গত বুণ্ডু গ্রামের নিবাসী শ্রী মনসারাম কুণ্ডুর ছেলে অমিত কুণ্ডুর সঙ্গে হিন্দুশাস্ত্র মতে আমার বিবাহ দেয়। বিবাহের সময় বর পক্ষের দাবি অনুযায়ী নগদ- ২, ০০০০০।-(দুই লক্ষ ) টাকা, সোনা ৭০ গ্রাম, আলমারী, কাঁসার বাসন পত্র ও দান সামগ্রী ইত্যাদি আমার বাবা আমার স্বামী ও শ্বশুর মহাশয়কে দেয়। আমার বিবাহের ৩ মাস পর থেকে আমার স্বামী অমিত কুণ্ডু ও শাশুড়ী গীতারানী কুণ্ডু আমার বাবার কাছ থেকে আবার নগদ ১, ০০০০০।-(এক লক্ষ ) টাকা আনার জন্য আমার প্রতি প্রচণ্ড চাপ সৃষ্টি করতে থাকে। না দিলে সোনাগুলি বিক্রি করে দেওয়ার ভয় দেখায়। আমি বাবাকে টাকার কথা বললে বাবা গরীব হয়েও মেয়ের সুখের কথা ভেবে নগদ-৫০, ০০০।-(পঞ্চাশ হাজার) টাকা আমার স্বামী ও শাশুড়ীমাকে দেয়। পরবর্তীকালে তাদের লোভ দিনদিন বাড়তে থাকে। আমার বাবার অসহায় ও দারিদ্র অবস্থা দেখে আমি বাবাকে পুনরায় টাকা দিতে বারন করিলে আমার স্বামী অমিত কুণ্ডু আমার শাশুড়ীমা গীতারানী কুণ্ডু আমাকে প্রচণ্ড শারিরীক ও মানসিক নির্যাতন করে আসতো। এইসব ঘটনার মদত দিত আমার ননদ ঝুমা লাহা। আমি তাদের অত্যাচারের কথা আমার মা বাবাকে জানাই। মা বাবা আমার শ্বশুর বাড়ী বুণ্ডু গ্রামে এসে গ্রামের পঞ্চ ভদ্রগনের সাহায্যে বিষয়টি মিটমাট করার চেষ্টা করে কিন্তু আমার মা বাবা থাদ্‌কী চলে গেলেই, ঘটনাটি বাইরে জানানোর কারনে আমার উপর তাদের নির্যাতন বেড়ে চলে। বিয়ের এক বছর পর আমি গর্ভবতী হই এবং আমার

Received typed complaint on 11/11/2020 at 11:45 hrs & started Puncha PS case no- 78/2020, dtd. 11/11/2020, u/s- 498A/506 IPC & 3/4 DP Act.
[signature] 11/11/2020.
Officer-in-Charge Puncha Police Station Dist- Purulia

(পরের পাতায় )

কন্যা পুনম কুন্ডু গত-৩০।০১।২০১০ তারিখে বাপের বাড়ী ধাদ্‌কী গ্রামেই হয় । তারপর ৭।৭।২০১১ তারিখে দ্বিতীয় কন্যা সোনম কুন্ডু পুরুলিয়া দেবেন মাহাত সদর হাসপাতালে হয় । দুই মেয়ের বেলায় তারা খরচের ভয়ে জোর করে আমাকে বাপের বাড়িতে পাঠিয়ে দেয় এবং গর্ভাবস্থা থেকে জন্ম পর্যন্ত সমস্ত খরচ আমার বাবা চালায় । এই সময় আমার ননদ বিধবা হয়ে স্থায়ী ভাবে আমার শ্বশুর বাড়িতে আশ্রয় নেয় । ৪ দুই মেয়ে হওয়ায় আমার স্বামী, শাশুড়ি, ননদ তিন জনেই আমার উপর শারিরীক ও মানসিক নির্যাতন আরো বেশী করে করতে থাকে । কখনো কখনো খেতে না দিয়ে ঘরের মধ্যে চাবি দিয়ে রেখে দিত । কখনো খাবারের মধ্যে মাদকীয় ঔষধ বা বিষ জাতীয় দ্রব্য মিশিয়ে দিতো ফলে আমি খাবার খাওয়ার পর মাঝে মধ্যে অজ্ঞান হয়ে যেতাম । আমার মেয়ে দুটি আমার জন্য ভয়ে কান্নাকাটি, বমি করলেও তাদের কোনো মায়া ছিল না। উপরন্তু মেয়ে গুলোকে ছাদ থেকে ফেলে দেবে বলে ভয় দেখাত । আমার বাবার দেওয়া সমস্ত সোনার গয়না আমার ননদ ঝুমা লাহা ও শ্বাশুড়ি গীতারানি কুন্ডু জবরদস্তি আমার কাছ থেকে কেড়ে নিয়েছে তবুও আমি তাদের অত্যাচারের ভয়ে চুপ করে থাকতাম । আমি আমার দুই মেয়েকে নিয়ে কখনো বাপের বাড়ি কখন্সো শ্বশুর বাড়িতে কাটিয়েছি । আমার দুই মেয়ের সমস্ত খরচ জামা-কাপড়, ওষুধ, পড়াশোনা সব আমার বাপের বাড়িই চালায় । তারজন্য শ্বশুর বাড়িতে মাসে মাসে টাকা দিতে হয় । আমার স্বামী বাবা হয়ে নূন্যতম কর্তব্যটুকু পালন করেনি । মাঝে একবার ০৩।০৪।২০১৪ তারিখে গ্রামের মহিলা সমিতিকে অভিযোগ করি । কিন্তু কোনো সুরাহা হয়নি । গত ১১।১।২০১৯ তারিখে ৫০ হাজার টাকা না দেওয়ার জন্য আমার স্বামী জোরপূর্বক আমাকে ও কন্যাকে সাথে করে আমার বাপের বাড়ী ধাদ্‌কীতে রাখার জন্য পুরুলিয়া স্টেশনে পৌছে দিয়ে যায় ।

(পরের পাতায়)

তার পর কিছুদিন পর অর্থাৎ .....১০/০২/২০১৯......... তারিখে আমার স্বামী কোন অসৎ উদ্দেশ্য নিয়ে ধাদ্‌কী আসে। এবং বাবা, মা অনেক কষ্টে তাকে বুঝিয়ে গত - ১৩।২।২০১৯ তারিখে ধাদ্‌কী বাসস্ট্যান্ডে মেনরুপে বাসে আন্দাজ সকাল ৬.৪০ মিনিটে তাহার সাথে আমরা শ্বশুর-বাড়ী বুন্ডু যাওয়ার জন্য রওনা হয়েছিলাম কিন্তু নপাড়া বাসস্ট্যান্ডে দেখি আমার স্বামী অমিত কুন্ডু বাসে নেই, সে আমাকে প্রলোভন করে বুন্ডুতে না যাবার জন্য পালিয়ে গিয়েছিল। আমার বাবা আমার স্বামীকে ফোন করিলে তাহার ফোনে সুইচ বন্ধ ছিল এবং আমার শ্বশুর বাড়ীর লোককে ফোন করিলে ওরা কোন খোঁজ -খবর আমাদের দেয়নি ফলে আমার বাবা পরদিন অর্থাৎ ১৪।০২।২০১৯ তারিখে পুঞ্চা থানায় আমার স্বামী নিখোঁজ হওয়ার ডাইরী করে যাহার জি, ডি, ই নং- ৪২২ তাং- ১৪.২.০১৯। পরবর্তীকালে আমার স্বামী ফোনে হুমকী দেয় যে, আমি যদি বুন্ডু আমার শ্বশুর ঘর যাই তাহলে আমার স্বামী, শাশুড়ী ও ননদ ওরা ৩জন একত্র হয়ে আমাকে জ্যান্ত আগুনে পুড়িয়ে মেরে ফেলবে। তাই অসহায় নীরবে যন্ত্রনা সহ্য করে আমি স্থির করেছি আমি আমার দুই কন্যা সন্তানকে নিয়ে বাপের বাড়ী ধাদ্‌কীতেই বসবাস করিব। আমার স গরীব মা ও বাবা আমার ভরন-পোষন কোনমতে চালিয়ে নিবে কিন্তু চিন্তা করিলাম যে, ওদের অত্যাচারের চরম সত্য ঘটনা যদি থানা ও আদালতে না জানাই তাহলে আমার দুই কন্যা সন্তানকে ফাকি দেওয়া হবে। তাই আমার দুই কন্যা সন্তানকে বঞ্চনা এবং আমার উপর শ্বশুর বাড়ী ৩ জন ব্যক্তির চরম অত্যাচা-রের ঘটনাটি আপনার কাছে জানাইতে বাধ্য হলাম।

সুতরাং মহাশয়ের নিকট আমার একান্ত অনুরোধ যাহাতে আমার ঘটনাটি থানাতে দায়ের করা হয় ও তদন্ত করে উপরোক্ত ৩ জন দোষী ব্যক্তিদের বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ শাস্তি হয়, তাহার বিহীত ব্যবস্থাদানে মর্জি হউন।

বিনীত-
আপনার বিশ্বস্ত
মিঠু কুন্ডু
(মিঠু কুন্ডু)
পিতা - দুলাল চন্দ্র রক্ষিত
গ্রাম- ধাদ্‌কী, পো :- লোলাড়া,
থানা পুঞ্চা, জেলা- পুরুলিয়া।

বিঃদ্রঃ- বিশেষ সূত্রে জানতে পারি যে বর্তমানে আমার স্বামী - DVC, kantaranguni, kantaranguri (P) (CT), Purulia. Adra, West Bengal. এই ঠিকানায় বসবাস করছে।

তাং:-